

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৬.২৮.০৯৫.১৯.৪২২

তারিখ: ৩ বৈশাখ ১৪২৬

১৬ এপ্রিল ২০১৯

বিষয়: "পাখওয়ে", ঢাকা এর কার্যএলাকা সম্প্রসারণ প্রসংগে।

সূত্র: ৪১.০১.২৬০০.০০০.২৮.৩৬০১.০১.৬২১ তারিখ: ১০/০৪/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত পত্রের প্রেক্ষিতে "পাখওয়ে" বাড়ী-১৬/১৬, হাজী চিনু গিয়া রোড, মোহাম্মদপুর, ঢাকা (নিবন্ধন নং-৮-০২৮৫১ তারিখ: ২১/১২/১৯৯২) এর সংযুক্ত কাগজপত্র উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা এর সুপারিশ বিবেচনা করে কার্যএলাকা সমগ্র বাংলাদেশ ব্যাপী নিয়বর্ণিত শর্ত সাপেক্ষে সম্প্রসারণের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ:

১. সংস্থার সম্প্রসারিত এলাকায় কার্যক্রম পরিচালনার বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক, উপপরিচালক ও উপজেলা সমাজসেবা অফিসারগণকে অবহিত করে কাজ করতে হবে;
২. সংস্থার নিরীক্ষা প্রতিবেদন এবং বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন উপপরিচালক (নিবন্ধন ও নিয়ন্ত্রণ), সমাজসেবা অধিদফতর, ঢাকা এবং সংশ্লিষ্ট জেলা নিবন্ধীকরণ কর্তৃপক্ষ এবং উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করতে হবে;
৩. স্বচ্ছসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ এর পরিপন্থী কার্যক্রম এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র ব্যতীত ক্ষুদ্রাঙ্গন সঞ্চয়ী কার্যক্রম পরিচালনা করা যাবে না;
৪. সংস্থার নামে সরকার অনুমোদিত স্থানীয় যে কোন তফসীলভুক্ত ব্যাংকে হিসাব নম্বর খুলতে হবে;
৫. নিবন্ধীকরণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত গঠনতন্ত্র/সংবিধান বহির্ভূত কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না;
৬. সম্প্রসারিত এলাকায় জেলা/উপজেলা উপকমিটি গঠন করে তার তালিকা উপপরিচালক (নিবন্ধন ও নিয়ন্ত্রণ), সমাজসেবা অধিদফতর, ঢাকা, সংশ্লিষ্ট জেলা নিবন্ধীকরণ কর্তৃপক্ষ এবং উপজেলা সমাজসেবা কার্যালয়ে পত্র জারির ০২ (দুই) মাসের মধ্যে দাখিল করতে হবে;
৭. অন্য কোনো মন্ত্রণালয়/দপ্তর সংক্রান্ত কোন কার্যক্রম পরিচালনা করার পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর থেকে অনুমতি গ্রহণ করতে হবে;
৮. পরবর্তীতে কার্যনির্বাহী কমিটি অনুমোদন ও সংস্থার অনুমোদিত গঠনতন্ত্র সংশোধনীর ক্ষেত্রে সংশ্লিষ্ট উপপরিচালকের মাধ্যমে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা বরাবর আবেদন করতে হবে;
৯. সম্প্রসারিত এলাকায় কার্যক্রম যে কোন সময়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
১০. সরকারি কোন প্রতিষ্ঠানের সাথে চুক্তি তলা করলে সংস্থার বিরুদ্ধে নিবন্ধনকারী কর্তৃপক্ষ আইনানুগ যে কোন ব্যবস্থা গ্রহণ করতে পারবে;
১১. সম্প্রসারিত এলাকায় কার্যক্রম শুরু করার পূর্বে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে অবহিত করতে হবে;
১২. সংস্থার কার্যকরী কমিটি গঠন অনুমোদিত গঠনতন্ত্র মোতাবেক হতে হবে এবং নির্বাচন সংক্রান্ত বিষয়ে নিবন্ধনকরণ কর্তৃপক্ষের উপস্থিত নিশ্চিত করতে হবে;
১৩. বর্ণিত শর্তাবলীর যেকোন একটি ভংগ করলে এই সম্প্রসারণ আদেশ বাতিল করা হবে।



১১-৪-২০১৯

আব্দুল্লাহ আল মামুন

পরিচালক

সভাপতি/সাধারণ সম্পাদক

"পাখওয়ে" বাড়ী-১৬/১৬, হাজী চিনু গিয়া রোড, মোহাম্মদপুর,

ঢাকা।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৬.২৮.০৯৫.১৯.৪২২/১(৮২)

তারিখ: ৩ বৈশাখ ১৪২৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২) জেলা প্রশাসক (সকল)
- ৩) বিভাগীয় পরিচালক (সকল), সমাজসেবা অধিদফতর,
ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/রংপুর/বরিশাল/ময়মনসিংহ/সিলেট।
- ৪) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)।



১৬/৩/১৯

স্বপন কুমার হালদার
উপপরিচালক